গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব শাখা
www.moulvibazar.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.০৭.০০০৪.২৫-২৫৩৫

তারিখ: ০৬ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ২১ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ শাখার ২০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৫৮.১২.৪২২ নম্বর স্মারক এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ২৫ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দের ০৫.৪৬.০০০০.০০০.০১০.১১.০০০৪.১৯.২৪ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব প্রশাসন এবং এর অধীনস্থ উপজেলা ভূমি অফিসসমূহের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (রাজস্ব) জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে https://dcmbr.teletalk.com.bd অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ০২ (দুই)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে;<br>গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ২. | নাজির কাম-ক্যাশিয়ার | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ০২ (দুই)টি | |
| ৩. | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ০২ (দুই)টি | |

**আবেদনের শর্তাবলী:**

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন অথবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০২. আবেদনকারীর বয়স ২৯.১১.২০২৫ খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে।

০৪. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৫. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে বিধি মোতাবেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে।

০৬. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার আবেদন/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭. আবেদনকারীকে তার অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৮. আবেদন আগামী ৩০.১০.২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ০৯.০০ টা হতে ২৯.১১.২০২৫ খ্রিষ্টাব্দ বিকাল ০৫.০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। **অফিসে সরাসরি/ডাকযোগে কোনো আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।**

০৯. উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক যাচাই-বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন।

১০. মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) কপি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

১০.১ সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদপত্র/প্রত্যয়ন/অনাপত্তিপত্র।

১০.২ মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/পৌর প্রশাসক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

১০.৩ আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

১০.৪ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

১০.৫ আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/পৌর প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

১০.৬ অন্যান্য কোটা যেমন শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গ/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

১০.৭ লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং কম্পিউটার চালনায় দক্ষতার প্রমাণস্বরূপ মূল সনদপত্র।

১০.৮ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পৌরসভার মেয়র/পৌর প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১০.৯ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

১০.১০ Online-এ পূরণকৃত আবেদনপত্রের রঙ্গিন প্রিন্ট কপি (Applicant's copy)।

১০.১১ চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র।

**১১. অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি ও করণীয়:**

১১.১ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি বর্ণিত ওয়েবসাইটে https://dcmbr.teletalk.com.bd আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০.১০.২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ০৯.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৯.১১.২০২৫ খ্রিষ্টাব্দ বিকাল ০৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১১.২ Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB এবং স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

১১.৩ Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১১.৪ প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১১.৫ **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে নিজে শতভাগ নিশ্চিত হবেন। Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF copy ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ১২/- (বারো) টাকাসহ সর্বমোট অফেরতযোগ্য ১১২/- (একশত বারো) টাকা (সকল গ্রেড, অনগ্রসর নাগরিক এর জন্য ৫০/- পঞ্চাশ টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ভ্যাটসহ অফেরতযোগ্য ৬/- টাকাসহ সর্বমোট অফেরতযোগ্য ৫৬/- (ছাপান্ন টাকা) আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS :** DCMBR <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** DCMBR ABCDEF & send to 16222

**Reply:** Applicant's Name, Tk- 112/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCMBR Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS :** DCMBR <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** DCMBR YES 12345678 & send to 16222

**Reply:** Congratulations Applicant's Name, payment completed successfully for DCMBR Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

১১.৬ প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcmbr.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১১.৭ SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১১.৮ শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DCMBR <space>Help<space>User<space>User ID, Send to 16222

(ii) PIN Number জানা থাকলে: DCMBR <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222. Example: ............. Help PIN 12345678 & send to 16222.

১১.৯ অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১১.১০ অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd অথবা dcmoulvibazar@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টালের ফেসবুক পেইজ http://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject এ Organization Name:------ , Post Name:--------, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১২. নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য সময়ে সময়ে জেলা প্রশাসক, মৌলভীবাজার এর ওয়েবপোর্টালে (www.moulvibazar.gov.bd) প্রচার করা হবে।

১৩. আবেদনকারীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর (www.moulvibazar.gov.bd) ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টালে https://alljobs.teletalk.com.bd/ ওয়েবসাইটে প্রবেশ করেও পাওয়া যাবে।

১৫. প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়াগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬. কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একাধিক পদে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

১৭. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৮. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২৩.০৭.২০২৪ খ্রিষ্টাব্দের ১৪১ নং স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপন এর বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৯. বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারি কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(মোঃ ইসরাইল হোসেন)
জেলা প্রশাসক
মৌলভীবাজার

নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০০.০০৯.০৭.০০০৪.২৫-২৫৩৫

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৫. বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট।
০৬. জেলা প্রশাসক ........................................................(সকল)।
০৭. পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।
০৯. উপ পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
১০. সিভিল সার্জন, মৌলভীবাজার।
১১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/ উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
১৩. প্রশাসক, মৌলভীবাজার পৌরসভা/কুলাউড়া পৌরসভা/কমলগঞ্জ পৌরসভা/বড়লেখা পৌরসভা/শ্রীমঙ্গল পৌরসভা।
১৪. উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/কমলগঞ্জ/শ্রীমঙ্গল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর/যুব উন্নয়ন অধিদপ্তর/ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৬. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা মৎস্য অফিসার/জেলা প্রাণী সম্পদ অফিসার/জেলা সমবায় অফিসার, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৭. সহকারী কমিশনার (ভূমি), মৌলভীবাজার সদর/রাজনগর/কুলাউড়া/জুড়ী/বড়লেখা/কমলগঞ্জ/শ্রীমঙ্গল (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৮. সহকারী কমিশনার (আইসিটি), মৌলভীবাজার (নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর ওয়েব সাইটে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৯. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার।
২০. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
২১. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মৌলভীবাজার।
২২. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার,.................................................। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯.৫ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি সাইজের ভিতরের পাতায় কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য (সরকারি ছুটির দিন ব্যতিত) স্বল্প পরিসরে (ফন্ট সাইজ ০৯) প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২৩. অফিস কপি।

23.10.2025

(মোঃ ইসরাইল হোসেন)
জেলা প্রশাসক